

P - III (1+1+1) H / 21 (N)

2021

BENGALI (Honours)

Paper Code : VIII-A & B

[New Syllabus]

Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

Example : Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

Subject Code :

III	A	&	B
-----	---	---	---

Subject Name :

--

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

Example — If alternative A of 1 is correct, then write :

1. — A

- There is no negative marking for wrong answer.

মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

উদাহরণ — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

Subject Code :

III	A	&	B
-----	---	---	---

Subject Name :

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A)/(B)/(C)/(D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

উদাহরণ — যদি 1 নম্বর প্রশ্নের সঠিক উত্তর A হয় তবে লিখতে হবে :

1. – A

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।

Paper Code : VIII-A

Full Marks : 20

Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

- ১। 'সাহিত্যদর্পণ' কার লেখা ?
- (A) ভরত
 - (B) আচার্য দণ্ডী
 - (C) বিশ্বনাথ কবিরাজ
 - (D) অভিনবগুপ্ত
- ২। 'উৎসাহ' স্থায়ীভাবে রসরূপ কী ?
- (A) রৌদ্র
 - (B) বীর
 - (C) শাস্ত
 - (D) বীভৎস
- ৩। সখ্যরী ভাব কত প্রকার ?
- (A) ৮ প্রকার
 - (B) ৯ প্রকার
 - (C) ১৩ প্রকার
 - (D) ৩৩ প্রকার

৪। 'রস' প্রবন্ধে উল্লেখিত বিদেশি কবির নাম কী ?

- (A) বায়রন
- (B) ওয়ার্ডসওয়ার্থ
- (C) কীটস
- (D) শেলী

৫। বুদ্ধিগম্য বিষয় বুঝতে না পারলে লোকে কি জাতীয় প্রতিক্রিয়া দেয় ?

- (A) লজ্জিত হয়
- (B) অস্বীকার করে
- (C) সত্য গোপন করে
- (D) দোষারোপ করে

৬। সীতা-র স্পর্শ সুখে আকুল রামচন্দ্র বলেছে — 'সুখমিতি বা দুঃখমিতি বা' — প্রসঙ্গটি তোমাদের পাঠ্য কোন্ প্রবন্ধে পাওয়া যায় ?

- (A) কাব্য স্পষ্ট এবং অস্পষ্ট
- (B) সাহিত্যের তাৎপর্য
- (C) সাহিত্যের বিচারক
- (D) সৌন্দর্যবোধ

৭। 'মালবিকাগ্নিমিত্র' নাটকের রাজা অগ্নিমিত্রের পিতার নাম কী ?

- (A) শুঙ্গ
- (B) পুয়্যমিত্র
- (C) কণ্ঠ
- (D) মালব্য

৮। ‘মালবিকাগ্নিমিত্র’ নাটকের মালবিকা কোন্ রাজ্যের রাজকন্যা ছিলেন ?

- (A) মালব
- (B) মগধ
- (C) উজ্জয়িনি
- (D) বিদর্ভ

৯। ধ্বনিবাদের প্রবক্তা কে ছিলেন?

- (A) কুস্তক
- (B) বিশ্বনাথ কবিরাজ
- (C) আনন্দ বর্ধন
- (D) ভরত

১০। জয়দেবের ‘গীতগোবিন্দ’ কাব্যে কতগুলি সর্গ আছে ?

- (A) ৬টি
- (B) ৮টি
- (C) ১০টি
- (D) ১২টি

১১। ‘গীতগোবিন্দ’ কাব্যটি কোন্ রাজার রাজসভার পৃষ্ঠপোষকতায় লেখা হয়েছিল ?

- (A) রাজা লক্ষণ সেন
- (B) সম্রাট বিক্রমাদিত্য
- (C) সম্রাট সমুদ্রগুপ্ত
- (D) শশাঙ্ক

১২। গুরু নায়েক কোন্ গল্পের চরিত্র ?

- (A) জ্যোতিষ জীবনে একদিন
- (B) বাবা
- (C) ভেঙ্কটিগড়ের বউ
- (D) দাদি আন্মা

১৩। ‘ভেঙ্কটিগড়ের বউ’ গল্পের এই বউ চরিত্রটির আসল নাম কী ?

- (A) রঙ্গি
- (B) টঙ্গি
- (C) সঙ্গী
- (D) রেডিড

১৪। ‘বাবা’ গল্পের কথক কোন্ পরিবারের সন্তান ছিলেন ?

- (A) দেশাখ
- (B) দেশমুখ
- (C) রেডিড
- (D) মূলক

১৫। হিন্দি সাহিত্যে ‘ছায়াবাদ যুগ’ কোন্ সময়ের কাব্যধারাকে বলা হয় ?

- (A) ১৯১৪-১৯৪৫
- (B) ১৯১৮-১৯৩৬
- (C) ১৯১৯-১৯৪৭
- (D) ১৯৪৭-১৯৮৫

১৬। কবি ‘পল্লব’ কাব্যের ভূমিকায় লিখেছিলেন ‘নতুন যুগ সংসারের শব্দতন্ত্রী ঠাট বদল হয়, বিন্যাস পরিবর্তন হয়, নবীন যুগের আকাঙ্ক্ষা, ত্রিগ্যাকর্ম, নতুন ইচ্ছানুসারে নতুন বাণীর নতুন গীত, নতুন ছন্দ, নতুন কল্পনা ও নতুন ভাবনা পরিস্ফুট হতে থাকে —’ কবির নাম কী ?

- (A) সুমিত্রানন্দন পসু
- (B) নিরাদা
- (C) সূর্যকান্ত ত্রিপাঠি
- (D) জনৈক সমালোচক

১৭। ‘গোদান’ কার লেখা উপন্যাস ?

- (A) প্রেমচন্দ্র
- (B) নিরাদা
- (C) সূর্যকান্ত ত্রিপাঠি
- (D) ফণীশ্বরনাথ রেণু

১৮। প্রেমচন্দ্রের রচনায় কোন্ বাঙালি সাহিত্যিকের প্রভাব খুঁজে পাওয়া যায়?

- (A) রবীন্দ্রনাথ
- (B) শরৎচন্দ্র
- (C) সতীনাথ ভাদুড়ি
- (D) বনফুল

১৯। 'ভারতেন্দু' হরিশ্চন্দ্রের লেখা একটি নাটক হলো —

- (A) 'প্রেমযোগিনী'
- (B) 'বৈদিক হিংসা হিংসা ন ভবতি'
- (C) 'ভারত দুর্দশা'
- (D) সব কয়টি

২০। কবি মৈথিলী শরণগুপ্তের কাব্যের প্রধান প্রবণতা কী ছিল ?

- (A) স্বদেশপ্রেম
 - (B) রোমান্টিকতা
 - (C) ইতিহাস
 - (D) প্রকৃতি
-

B - III (1+1+1) H / 21 (N)

2021

BENGALI (Honours)

Paper Code : VIII-B

[New Syllabus]

Full Marks : 80

Time : Three Hours Thirty Minutes

দক্ষিণ পাশ্চাত্ত সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

- ১। (ক) ‘কাদম্বরী’ অবলম্বনে বাণভট্টের রচনারীতির বৈশিষ্ট্য নিরূপণ করো এবং এই গ্রন্থটিকে ‘একটি চিত্রশালা’ বলার কারণ নির্দেশ করো। ১০

অথবা,

মহাকবি কালিদাস রচিত দৃশ্যকাব্য তিনটির ও মহাকাব্য দুটির নামোল্লেখ করো। একটি দৃশ্যকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কবির কৃতিত্ব মূল্যায়ন করো। ১০

- (খ) রামায়ণী উপাদান নিয়ে রচিত ভবভূতির নাটকগুলি সম্পর্কে আলোচনা করো। তিনি তাঁর সৃষ্টির মূল্যায়নের জন্য ‘নিরবধিকাল’ ও ‘বিপুল পৃথী’র জন্য প্রতীক্ষা করার কথা কেন ভেবেছিলেন? ১০

অথবা,

‘মুচ্ছকটিক’কে প্রকরণ আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করো। এই নাটকের বিষয়বস্তু বিশ্লেষণ করে সংস্কৃত নাট্য-সাহিত্যে এর অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

- ২। (ক) ‘ভেক্টিগডের বউ’ গল্পের আখ্যান ভেক্টিগের হলেও শিরোনামে তার স্ত্রী নিজস্ব নামে নয় সামাজিক ডাকনামে প্রাধান্য পেয়েছে। —গল্প বিশ্লেষণ করে নামকরণটির শিল্পসার্থকতা বিচার করো। ১০

অথবা,

‘দাদু দেখলেন, মেহেরাঁ আর বাড়ির বৌ নয়, আন্মা হয়ে গেছে।... তিনি মরেননি। শুধু তার বসন বদলেছে।’— মেহেরাঁ-র পরিচয় দিয়ে তার সামাজিক প্রতিনিধি হওয়া বা একটি নারীর নির্মাণে সমাজের প্রবণতাটি বুঝিয়ে দাও। ১০

(খ) ‘তিনি ভাবলেন—দূর পর্যন্ত কত গভীরে অগণিত শিকড় এই বিরাট বৃক্ষটিকে শক্ত করে মাটির উপর ধরে রেখেছে’—প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

অথবা,

‘জ্যোতিষ জীবনে একদিন’ গল্প অনুসরণে সামাজিক কুসংস্কারের মনস্তত্ত্বটি বুঝিয়ে দাও। ৫

৩। হিন্দি সাহিত্যে ‘ভারতেন্দু যুগ’ বলতে কি বোঝা ? তাঁর রচনাবলীর পরিচয় দিয়ে ওই যুগ বিভাগের কারণ বিশ্লেষণ করো। ১০

অথবা,

কবি সুমিত্রানন্দন পশ্চের প্রধান কাব্যগুলির পরিচয় দাও। তাঁর রচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের প্রভাব কতখানি তা দেখাও। ১০

৪। ‘কাব্যং গ্রাহ্যমলংকারাৎ’ ও ‘রীতিরাত্মা কাব্যস্য’ অভিমত দুটির বিপক্ষে কী কী যুক্তি ছিল ? ৫+৫

অথবা,

স্থায়ীভাব ও স্থায়ী রসগুলির নাম উল্লেখ করে যে কোনো দুটি স্থায়ীভাবের উদাহরণ দিয়ে রস নিষ্পত্তি বুঝিয়ে দাও। ২+২+৩+৩

৫। ‘চিত্র ও সঙ্গীতই সাহিত্যের প্রধান উপকরণ’—বিষয়টি পর্যালোচনা করো। ১০

অথবা,

“ভাবকে নিজের করিয়া সকলের করা, ইহাই সাহিত্য, ইহাই ললিতকলা”— রবীন্দ্রনাথের মতানুসারে সাহিত্যের সৃজন পদ্ধতি ব্যাখ্যা করো।

১০

৬। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :

১৫×১=১৫

- (ক) বাংলা সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের অবদান
- (খ) বাংলা নাটকে দুই জন অভিনেত্রীর অবদান
- (গ) মধ্যযুগের বাংলা সাহিত্যে দেববাদ বনাম মানবতাবাদ
- (ঘ) বাংলা সাহিত্যে মহামারী প্রসঙ্গ
- (ঙ) রবীন্দ্রোত্তর আধুনিক কবিতার রূপরেখা
- (চ) উত্তরবঙ্গের লোকসংস্কৃতি ও লোকসাহিত্য
